



২২ সেপ্টেম্বর, ২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

‘সুশিক্ষা পেলে কেউ কখনো জঙ্গী হয় না’

উপাচার্য ড. হারুন-অর-রশিদ

আজ ২২/৯/১৬ তারিখ সকাল ১১ টায় একাডেমিক ভবনের নীচ তলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মচারীগণ পোষ্যদের বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে শিক্ষা সহায়ক শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, “কোন সন্তানই সন্ত্রাসী বা জঙ্গী হিসেবে জন্ম গ্রহণ করেনা। দুষ্টিত পরিবেশ তাদের বিপথগামী করে। প্রত্যেকটি সন্তান যাতে সুশিক্ষিত ও সুসন্তান হিসাবে গড়ে উঠতে পারে সেক্ষেত্রে পিতা মাতার মনোযোগ ও যত্নের কোন বিকল্প নেই। মনে রাখা দরকার সুশিক্ষিত সন্তান কখনো সন্ত্রাস বা জঙ্গীবাদের পথে যায় না।”

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ আসলাম ভূঁইয়া, ডিন, বিভাগীয় প্রধানসহ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন।

এ বছর ১২৪ জন পোষ্য, প্রত্যেককে ১২০০০/= টাকা হতে ১৮০০০/= টাকা করে সর্বমোট ১৬ লক্ষ ৪৪ হাজার টাকা প্রদান করা হয়েছে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়